গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা-১০০০
(www.nbr.bd.gov)

নথি নং-১০(১)ক.ফা.অ./কর-১৩/২০০৬(অংশ-১)/৩১২ তারিখ: ০২/০১/২০১২

বিষয়: আয়কর পেশাজীবী (ইনকাম ট্যাক্স প্রাকটিশনার) হিসেবে রেজিস্ট্রেশনের জন্য পরীক্ষা।

১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশ ১৭৪(২)(এফ) ধারা এবং আয়কর বিধিমালা ১৯৮৪-এর বিধি ৩৭ অনুযায়ী ইনকাম ট্যাক্স প্রাকটিশনার হিসেবে রেজিস্ট্রেশনের নিমিত্তে পরীক্ষার জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পরীক্ষার সিলেবাস নিম্নরূপ-
(ক) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪
(খ) আয়কর বিধিমালা, ১৯৮৪
(গ) অর্থ আইন/অধ্যাদেশ
(ঘ) দানকর আইন, ১৯৯০
(ঙ) উপরোক্ত আইন, অধ্যাদেশ ও বিধির বাস্ব প্রয়োগ
(চ) হিসাব বিজ্ঞান
(ছ) বাংলা ও ইংরেজি
(৩ ঘন্টার লিখিত পরীক্ষার **পূর্ণমান ১০০ এবং পাস মার্ক হবে ৪০। মৌখিক** পরীক্ষার **পূর্ণ মান ৫০ এবং পাস মার্ক হবে -২০। লিখিত** পরীক্ষার **সম্ভাব্য তারিখ মার্চ/২০১২-এর শেষ সপ্তাহ।)**
উক্ত পরীক্ষায় **অংশগ্রহণেচ্ছু প্রার্থীর ন্যূনতম যোগ্যতা হবে নিম্নরূপ :**
ক. আইন বিষয়ে স্নাতক
খ. হিসাব বিজ্ঞান বিষয় সহ বাণিজ্যে স্নাতক
গ. উচ্চতর অডিটিং সহ ব্যাংকিং বিষয়ে ডিগ্রী বা ডিপ্লোমা

২। পরীক্ষায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক যোগ্য প্রার্থীগণকে নিম্ন বর্ণিত কাগজ পত্র/তথ্য সহ আগামী ০৯/০২/২০১২ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তার দপ্তরে অফিস চলাকালীন সময়ে হাতে হাতে অথবা রেজিস্টার ডাকে (রেজিস্টার ডাকের ক্ষেত্রে আবেদন পত্র ০৯/০২/২০১২ তারিখের মধ্যে পৌছাতে হবে) নির্ধারিত ছকে আবেদন পত্র জমা দেয়ার জন্য আহ্বান করা যাচ্ছে। দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র/তথ্য সংযোজিত না থাকলে আবেদন পত্র নির্ভুল ও সম্পূর্ণ বলে গণ্য হবে না। (খামের উপর "আয়কর পেশাজীবী হিসেবে রেজিস্ট্রেশনের জন্য আবেদন" কথাটি লিখতে হবে)
(ক) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপি, স্নাতক পাসের সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপি অথবা এল.এল.বি. পাসের সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপি অথবা ডিগ্রী/ ডিপ্লোমা ইন ব্যাংকিং (হায়ার অডিটিং পরীক্ষা) পাসের সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপি
(খ) বর্তমান পেশা সম্পর্কে প্রার্থীর স্ব-ঘোষণা পত্র
(গ) কোড নং ১/১১৪১/০০০০/২৬৮১ উল্লেখপূর্বক বাংলাদেশ ব্যাংক বা কোন ট্রেজারীতে পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা মাত্র প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারী চালানের মূলকপি
(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর দুই কপি পাসপোর্ট সাইজ ছবি
(ঙ) আইটিপি রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ছকে সকল তথ্য পুরণপূর্বক আবেদন দাখিল করতে হবে
জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট (www.nbr.bd.gov) থেকে আবেদন পত্রের ছক ডাউনলোড করতে হবে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে সকাল ১০.০০ থেকে দুপুর ১২.০০ সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে ।
৩। ভুল বা অসসম্পূর্ণ আবেদনপত্র জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সরাসরি প্রত্যাখাত হবে
৪। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং সনদ প্রাপ্তির জন্য বিবেচিত হলে সনদ গ্রহণের পূর্বেই উল্লিখিত চাকরি পরিত্যাগ করতে হবে।
৫। লিখিত/মৌখিক পরীক্ষার সময় ও ফলাফল যথাসময়ে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট-এ পাওয়া যাবে। এ ছাড়াও জাতীয় রাজস্ব বোর্ডের নীচতলা, সেগুনবাগিচাস্থ ২য় ১২তলা সরকারী কার্যভবনের নীচতলা এবং বিসিএস (কর) একাডেমীর নোটিশ বোর্ডে টাঙিয়ে দেয়া হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষার জন্য ইস্যুকৃত প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্যও প্রযোজ্য হবে।
৬। চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীগণকে জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্ন করার পর নিবন্ধন সনদ প্রদান করা হবে।
৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন পত্র বাতিলের এখতিয়ার জাতীয় রাজস্ব বোর্ড সংরক্ষণ করে ।
৮। যাতায়াতের জন্য প্রার্থীগনকে কোন প্রকার টি.এ, ডি.এ প্রদান করা হবে না।

(মুন্সী হারুনর রশিদ)
দ্বিতীয় সচিব (জরীপ, কর ফাঁকি ও আইটিপি রেজিস্ট্রেশন)
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
ফোন-৮৩৯১৬৬১